

## 💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৯৯৯

৯. কিতাবুস সালাত (کتاب الصلاة)

পরিচ্ছেদঃ যে হাদীস অনভিজ্ঞ ব্যক্তিকে এই সংশয়ে ফেলে দেয় যে, আসিম আল আহওয়ালের হাদীস হয়তো ত্রুটিযুক্ত

ذِكْرُ خَبَرٍ قَدْ يُوهِمُ غَيْرَ الْمُتَبَحِّرِ فِي صِنَاعَةِ الْحَدِيثِ أَنَّ خَبَرَ عَاصِمِ الْأَحْوَلِ مَعْلُولُ

## আরবী

1999 \_ أَخْبَرَنَا أَبُو يَعْلَى قَالَ: حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ الصَّبَّاحِ الدُّولَابِيُّ مُنْذُ ثَمَانِينَ سَنَةً قَالَ: حَدَّثَنَا إِسْمَاعِيلُ بْنُ زَكَرِيًّا عَنْ عَاصِمِ الْأَحْوَلِ عَنْ عَوْسَجَةَ بْنِ الرَّمَّاحِ عَنْ عَبْدِ اللَّهِ بْنِ حَدَّثَنَا إِسْمَاعِيلُ بْنُ زَكَرِيًّا عَنْ عَاصِمٍ الْأَحْوَلِ عَنْ عَوْسَجَةَ بْنِ الرَّمَّاحِ عَنْ عَبْدِ اللَّهِ بْنِ الْمُدَيْلِ عَنِ ابْنِ مَسْعُودٍ قَالَ: كَانَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ لَا يَجْلِسُ بَعْدَ التَّسْلِيمِ إِلَّا قَدْرَ مَا يَقُولُ: (اللَّهُمَّ أَنْتَ السَّلَامُ وَمِنْكَ السَّلَامُ تَبَارَكْتَ يَا ذَا الجلال والإكرام)

الراوي: ابن مَسْعُود المحدث: العلامة ناصر الدين الألباني المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 1999 ا خلاصة حكم المحدث: صحيح ـ ((الصحيحة)) (2074) قَالَ أَبُو حَاتِمٍ رَضِيَ اللَّهُ عَنْهُ: سَمِعَ هَذَا الْخَبَرَ عَاصِمٌ الْأَحْوَلُ عَنْ عَبْدِ اللَّهِ بْنِ الْحَارِثِ عَنْ عَائِشَةَ وَسَمِعَهُ عَنْ عَوْسَجَةَ بْنِ الرَّمَّاحِ عَنِ ابْنِ أَبِي الْهُذَيْلِ عَنِ ابْنِ مَسْعُودٍ الطَّرِيقَانِ جَمِيعًا مَحْفُوظَانِ.

## বাংলা

كههه. আব্দুল্লাহ বিন মাস'উদ রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, "রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম সালাতের সালাম ফেরানোর পর اللَّهُمَّ أَنْتَ السَّلَامُ وَمِنْكَ السَّلَامُ تَبَارَكُتَ يَا ذَا الْجَلَالِ وَالْإِكْرَامِ (হে আল্লাহ, আপনি শান্তিময়, আপনার থেকেই শান্তি আসে, হে সম্মান ও মর্যাদার অধিকারী আপনি বরকতময়) এতটুকু বলার সময়ের চেয়ে বেশি সময় বসে থাকতেন না।"[1]

আবূ হাতিম ইবনু হিব্বান রহিমাহুল্লাহ বলেন, "আসিম আল আহওয়াল হাদীসটি আব্দুল্লাহ বিন হারিসের সূত্রে আয়িশা রাদ্বিয়াল্লাহু আনহা থেকে শ্রবণ করেছেন আবার তিনি হাদীসটি ইবনু আবী হুযাইল থেকে, তিনি



আওসাজাহ বিন রম্মাহর সূত্রে আব্দুল্লাহ বিন মাস'উদ রাদ্বিয়াল্লাহু আনহু থেকেও শ্রবণ করেছেন। কাজেই উভয় সানাদই সংরক্ষিত।"

## ফুটনোট

[1] মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ১/৩০২; নাসাঈ, আমালুল ইয়াওমি ওয়াল লাইলাহ: ৯৮; সহীহ ইবনু খুযাইমাহ: ৭৩৬; হাইসামী, মাজমা'উয যাওয়াইদ: ১০/১০২।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবূ দাউদ: ১৩৫৪)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইব্ন মাসউদ (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন